

10/05/07
৬২

কুমিল্লা ইউনিভার্সিটির জন্য শুভ কামনা

স্টাফ রিপোর্টার কুমিল্লা

বহু প্রতীক্ষিত কুমিল্লা ইউনিভার্সিটির আনুষ্ঠানিক যাত্রা সোমবার থেকে শুরু হয়েছে। প্রত্যাশিতকামত সন্থক হাজার বছরের বৌদ্ধ সভ্যতার পদপীঠ কুমিল্লা কোটবাড়ীর সালমানপুর গ্রামে কুমিল্লা ইউনিভার্সিটি ক্যাম্পাস সোমবার থেকে মুখরিত হয়ে ওঠে। কুমিল্লা ইউনিভার্সিটির নতুন ক্যাম্পাসে ২০০৬-০৭ শিক্ষাবর্ষের অনার্স প্রথমবর্ষের প্রথম ব্যাচের ছাত্রছাত্রীদের ওরিয়েন্টেশন প্রোগ্রামের মধ্য দিয়ে আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। অনাড়ম্বর কিন্তু আবেগময় পরিবেশে কুমিল্লা ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা জাইস চ্যান্সেলর প্রফেসর ড. গোলাম মাওলা আনুষ্ঠানিকভাবে ওরিয়েন্টেশনের উদ্বোধন করেন। উদ্বোধনী বক্তব্যে জাইস চ্যান্সেলর বলেন, যারা কেবল পড়াশোনা, গবেষণায় থেকে নিজেদের প্রতিষ্ঠিত করতে চায়, আলোকিত মানুষ হিসেবে পরিচিতি চায়, সংস্কৃত ন্যাটনিষ্ঠা আদর্শ সাম্প্রদায়িক নাগরিক হিসেবে দেশসেবায়

নিবেদিত হতে চায়, তারা কুমিল্লা ইউনিভার্সিটিতে পড়তে আসবে। তাই এ ইউনিভার্সিটি পারিবারিক কাঠামোর ভিত্তিতে গড়ে উঠবে। ছাত্রছাত্রীদের সাম্য-মৈত্রী, আড়ম্বর, পরমতর্কহীনতা, মমত্ববোধ, শ্রদ্ধাশীল ও অহিংসার আলোকে পড়ে তুলতে চাই। যারা নিজের নিষ্ঠা ও জ্ঞান সাধনা দিয়ে সমাজ জীবনকে আলোকিত করবে এবং সুকলশীল আদর্শিক চেতনা দিয়ে সমাজকে শক্ত করবে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ আতিকুর রহমান, প্রফেসর আযীজ আলী চৌধুরী, ড. ইয়াকুব আলী, প্রফেসর এম শরীফুল করিম, অধ্যক্ষ শাহরিয়ার আকতার, অভিজিতক বন্দন কুমার সান্ত, ছাত্র আহসান হাবিব প্রমুখ। কুমিল্লা ইউনিভার্সিটিতে এ বছর প্রথম ব্যাচে চারটি অনুষদের সাতটি বিভাগে তিনশ' ছাত্রছাত্রী ভর্তি হয়েছে। সাতটি বিভাগ হচ্ছে ইংরেজি, গণিত, অর্থনীতি, লোকপ্রশাসন, মার্কেটিং, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা



কুমিল্লা ইউনিভার্সিটি ক্যাম্পাসে গাছের চারা রোপণ করেন ডি.সি. প্রফেসর ড. গোলাম মাওলা -যায় যায় দিন
শিক্ষা। ইউনিভার্সিটির অভিন্ন শ্রেণি পদ্ধতি পাঠক্রম পরিচালিত হবে। কুমিল্লা
ও সেমিস্টার সিস্টেমে এ ইউনিভার্সিটির ইউনিভার্সিটির জন্য রইলো শুভ কামনা।